**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) ধর্মনগর উপনির্বাচনে বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহনের প্রক্রিয়া আজ শেষ হয়েছে।**

**(২) আজ থেকে দেশে গুরুত্বপূর্ণ আর্থিক বিধি পরিবর্তনসহ একাধিক সংস্কার কার্যকর হয়েছে।**

**(৩) প্রবীণ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দরিদ্র ও মধ্যবিত্তের কল্যাণই দলের প্রধান অগ্রাধিকার।**

**(৪) রাজ্যে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের পর্যাপ্ত মজুত রয়েছে বলে জানিয়েছেন খাদ্য দপ্তরের বিশেষ সচিব।**

**(৫) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়।**

*******************************************

**Bye-Election :**

ধর্মনগর উপনির্বাচনে বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহনের প্রক্রিয়া আজ শেষ হয়েছে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানান, ৮৫ বছর উর্ধ্ব প্রবীণ নাগরিক ও বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য বাড়ি বাড়ি গিয়ে ভোট কর্মীরা ভোটগ্রহণ করেছেন। ৮৫ উর্ধ্ব ১১৬ জন প্রবীণ ভোটার ও বিশেষভাবে সক্ষম ৬৯ জন ভোটারের ভোট গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে ভোটের হার হল ১০০ শতাংশ। আমাদের উত্তর জেলার সংবাদদাতা কৌস্তভ ভট্টাচার্য জানিয়েছেন, নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী সমাজের প্রতিটি স্তরের মানুষের ভোটাধিকার নিশ্চিত করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী তেসরা এবং চৌঠা এপ্রিল নির্বাচনের কাজে নিযুক্ত কর্মীদের

ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে।

****************************

**Census :**

দেশের বিভিন্ন অংশে আজ থেকে জনগণনা-২০২৭-এর প্রথম পর্ব শুরু হয়েছে। বিশ্বের বৃহত্তম এই জনগণনা প্রথমবারের মত ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হবে এবং স্ব-গণনার সুযোগও থাকবে। জনগণনা রাজ্য কার্যালয়ের ডেপুটি রেজিস্টার জেনারেল পি এন চৌধুরী আজ জানিয়েছেন, রাজ্যে জনগণনা শুরু হবে আগামী ১৭ই জুলাই থেকে। রাজ্যেও দুটি পর্যায়ে জনগণনা করা হবে। প্রথম ধাপে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়ন। ১৭ই জুলাই থেকে ৩১ জুলাই পর্যন্ত হবে স্ব-গণনা এবং এ বছরেরই পয়লা আগস্ট থেকে ৩১শে আগস্ট পর্যন্ত প্রথম পর্যায়ে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়নের কাজ। দ্বিতীয় ধাপে ২০২৭ সালের ৯ই ফেব্রুয়ারি থেকে ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত হবে জনসংখ্যা গণনার কাজ।

****************************

**Income Tax :**

২০২৬-২৭ নতুন অর্থবছরে আজ থেকেই দেশে গুরুত্বপূর্ণ আর্থিক বিধি পরিবর্তনসহ একাধিক সংস্কার কার্যকর হয়েছে।

ছয় দশকেরও বেশি পুরোনো আয়কর আইনটি আজ থেকে নতুন আয়কর আইন, ২০২৫ দ্বারা প্রতিস্থাপিত হল। এটি পুরোনো বিধানগুলি অপসারণ করে, কর ব্যবস্থাকে সরল করার জন্য তৈরি করা হয়েছে। পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর অর্থাৎ প্যান কার্ডের জন্য আবেদন বা আপডেট করার সংশোধিত নিয়মগুলিও আজ থেকে কার্যকর হয়েছে।

****************************

**CS :**

মুখ্য সচিব জে কে সিনহা বলেছেন, নতুন নতুন উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করলে আগামীদিনে বিকশিত ত্রিপুরা গড়ার লক্ষ্যে দ্রুত পৌঁছানো সম্ভব হবে। আজ আগরতলা প্রজ্ঞা ভবনে কমপ্লায়েন্স রিডাকশন ও ডি-রেগুলেশন বিষয়ক স্টেকহোল্ডার কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন, এই কর্মশালা ত্রিপুরাকে ব্যবসা বাণিজ্যে সরলীকরণ, সুশাসন এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে একটি আদর্শ রাজ্য হিসেবে প্রতিষ্ঠা করার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, রাজস্ব সচিব ডা. মিলিন্দ রামটেকে, অর্থ সচিব অপূর্ব রায় আই.আই.এম কলকাতার অধ্যাপক সুমন্ত বসু প্রমুখ।

****************************

**CM Flag OFF-ADC :**

এডিসি নির্বাচনকে সামনে রেখে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় বিজেপি'র প্রচার গাড়ির সূচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন আসন্ন নির্বাচনে এই প্রচার অভিযান জনজাতি এলাকার প্রতিটি প্রান্তে পৌঁছে উন্নয়ন, শান্তি ও জনকল্যাণের বার্তা ছড়িয়ে দেবে। জাতি জনজাতি অংশের জনগনকে সঙ্গে নিয়ে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা ও শক্তিশালী ত্রিপুরা গড়ে তোলা সম্ভব হবে।

মুখ্যমন্ত্রী ডা: সাহা আজ দক্ষিন জেলার লক্ষীছড়ায় এডিসির বীরচন্দ্র-কলসী আসনের বিজেপি প্রার্থী সঞ্জীব রিয়াং-র সমর্থনে এক নির্বাচনী সভায় বক্তব্য রাখেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিজেপি'র প্রদেশ সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ।

****************************

**Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে দাবি করেছেন, কংগ্রেস ক্ষমতায় এলে এডিসি এলাকার

প্রকৃত উন্নয়ন করা হবে। তিনি এডিসি'র বর্তমান কর্তৃপক্ষের কাজকর্মের সমালোচনা করেছেন। তিনি বলেন, এডিসি নির্বাচনে কংগ্রেস ২৭টি আসনে ও ত্রিপুরা পিপলস পার্টি একটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

*************************

**Mock-Poll-KUMARGHAT :**

ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে আজ ভোটকর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। এডিসি'র মাছমারা ও করমছড়া আসনের জন্য এই মহড়ায় অংশ নেন ১০২টি দলের মোট ৫১০ জন ভোটকর্মী। রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের SDM এন এস চাকমা জানান, সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে ভোটপর্ব সম্পন্ন করতে যথাযথ প্রস্তুতি নেওয়া হচ্ছে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এ.আই.আর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**PM :**

প্রবীণ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে, দরিদ্র ও মধ্যবিত্তের কল্যাণই দলের প্রধান অগ্রাধিকার। আসামের গোগামুখে এক নির্বাচনী জনসভায় ভাষণ প্রসঙ্গে তিনি বলেন, বিজেপি অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের স্বার্থে পরিকাঠামো, শিক্ষা এবং স্বাস্থ্য পরিষেবার ওপর ধারাবাহিকভাবে গুরুত্ব দিয়ে আসছে। শ্রী মোদী বলেন, আসামে এনডিএ শাসনের গত দশ বছরে রাজ্যটি উল্লেখযোগ্য অগ্রগতির সাক্ষী হয়েছে। তিনি আরও যোগ করেন যে, "ডাবল ইঞ্জিন" সরকার রাজ্যে দীর্ঘস্থায়ী শান্তি আনতে সাহায্য করেছে, যার ফলে অনেক যুবক সহিংসতা থেকে দূরে সরে এসে আরও নিরাপদ ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে। বিশ্বনাথে দ্বিতীয় জনসভায় ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন যে, বিজেপির লক্ষ্য হল একটি “আত্মনির্ভর আসাম” গড়ে তোলা।

বিজেপির নির্বাচনী ইশতেহারের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এতে পরিকাঠামো, কর্মসংস্থান সৃষ্টি এবং শিক্ষা খাতে বড় বিনিয়োগের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, রাজ্যের আদিবাসী সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষার জন্য একটি অভিন্ন দেওয়ানি বিধি বাস্তবায়নের লক্ষ্যে কাজ করার প্রতিশ্রুতি রয়েছে নির্বাচনী ইস্তাহারে।

#######Byte-PM######

******************************

**Food & Civil Supply :**

রাজ্যে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের পর্যাপ্ত মজুত রয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে খাদ্য দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধণ এই কথা জানান। তিনি বলেন, রাজ্য সরকার রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রনে নিয়মিত নজরদারী করছে। পেট্রোল পাম্পগুলিতেও নজরদারি রাখা হয়েছে। তিনি জানান সেকেরকোটে IOCL এর ডিপো তৈরির কাজ এগিয়ে চলেছে আগামী জুলাই-আগস্ট মাসের মধ্যে কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

******************************

**LPG Rate :**

পশ্চিম এশিয়ায় উদ্ভূত বর্তমান সংঘাতের পরিপ্রেক্ষিতে বাণিজ্যিক এলপিজি গ্যাস সিলিন্ডারের দাম ১৫৫ টাকা ৫০ পয়সা বৃদ্ধি করা হয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের লিমিটেডের ওয়েবসাইট অনুযায়ী দিল্লিতে বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারের খুচরো দাম এখন ২,০৭৮ টাকা ৫০ পয়সা। কলকাতায় এই দাম বেড়ে হয়েছে ২,২০৮ টাকা, রাজ্যেও ১৯ কেজি ওজনের বানিজ্যিক গ্যাসের দাম সিলিন্ডার পিছু ২৩৬৯ টাকা ৫ পয়সা থেকে বেড়ে হয়েছে ২৫৮৭ টাকা। ১৯ কেজি ওজনের বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারে এই সংশোধিত মূল্য আজ থেকেই কার্যকর হয়েছে।

*****************************

**Ratan lal nath :**

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ আজ মোহনপুর মহকুমার শম্ভুরাম পাড়ায় বোধজংনগর ওয়াকিনগর কেন্দ্রে বিজেপি মনোনীত প্রার্থী রণবীর দেববর্মার সমর্থনে এক নির্বাচনী সভায় বক্তব্য রাখেন। তিনি বলেন, রাজ্য সরকার জনজাতিদের ভাষার উন্নয়নে কাজ করছে। স্ব-সহায়ক দল গঠন করে রাজ্যে বহু জনজাতি পরিবারের আর্থিক উন্নতি হয়েছে।

******************************

**GST :**

এ বছরের মার্চ মাসে জি এস টি সংগ্রহ গতবছরের একই মাসের তুলনায় ৮.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২ লক্ষ কোটি টাকারও বেশি হয়েছে। ২০২৫ সালের মার্চ মাসে মোট জিএসটির রাজস্ব ছিল ১ লক্ষ ৮৩ হাজার কোটি টাকারও বেশি। অর্থ মন্ত্রণালয়ের মতে, এই বছরের মার্চ মাসে কেন্দ্রীয় জিএসটি সংগ্রহ দাঁড়িয়েছে ৪০ হাজার ৫৪৯ কোটি টাকা এবং রাজ্য জিএসটি হয়েছে ৫৩ হাজার ২৬৮ কোটি টাকা।

*****************************

**Super Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব ১৮৮ রানে সংহতি ক্লাবকে, নরসিংগড়ের পিটিএ মাঠে ব্লাডমাউথ ক্লাব ৯ উইকেটে স্ফুলিঙ্গ ক্লাবকে এবং টিআইটি মাঠে শতদল সংঘ ৮ উইকেটে হার্ভে ক্লাবকে হারিয়ে দেয়।

**************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ১৪-০ গোলে মধুবন ডুকলি প্লে সেন্টারকে পরাজিত করে। এছাড়া আগরতলা সিটি ফুটবল ক্লাব ও আস্তাবল স্পোর্টস এন্ড কোচিং সেন্টারের খেলাটি গোলশূন্য ড্র হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা আছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************